গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি
শাহবাগ, ঢাকা-১০০০
সংস্থাপন শাখা
www.bcsadminacademy.gov.bd

স্মারক নম্বর: ০৫.০২.০০০০.০২৫.১১.০০৬.২৪-৩৩৩

তারিখ: ২৫ আষাঢ় ১৪৩২ / ০৯ জুলাই ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

বিসিএস প্রশাসন একাডেমির রাজস্ব খাতভুক্ত নিম্নোক্ত পদসমূহ সরাসরি নিয়োগের জন্য পদের পার্শ্বে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে অনলাইনে **(http://bcsaa.teletalk.com.bd)** দরখাস্ত আহবান করা যাচ্ছে। উল্লেখ্য, **অনলাইন ব্যতীত অন্য কোন উপায়ে আবেদন গ্রহণ করা হবে না।**

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ০১। | কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১১<br>বেতনস্কেল: ১২,৫০০-৩০,২৩০/- | ০১<br>(এক)টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। |
| ০২। | সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৪<br>বেতনস্কেল: ১০,২০০-২৪,৬৮০/- | ০১<br>(এক)টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) সাঁটলিপিতে ইংরেজিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ৭০ শব্দ এবং বাংলায় ৪৫ শব্দ;<br>(ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরে ইংরেজিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ৩০ ও বাংলায় ২৫ শব্দ;<br>(ঙ) কম্পিউটারে Word Processing ই-মেইল, ফ্যাক্স মেশিন, ইত্যাদি চালনার দক্ষতা/অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৩। | অভ্যর্থনাকারী<br>গ্রেড-১৬<br>বেতনস্কেল: ৯,৩০০-২২,৪৯০/- | ০১<br>(এক)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটারে MS Office Programme-এ দক্ষতা; |
| ০৪। | অফিস সহায়ক<br>গ্রেড-২০<br>বেতনস্কেল: ৮,২৫০-২০,০১০/- | ০৮<br>(আট)টি | কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; |
| ০৫। | ক্লাশ এ্যাটেনডেন্ট<br>গ্রেড-২০<br>বেতনস্কেল: ৮,২৫০-২০,০১০/- | ০২<br>(দুই)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) প্রজেক্টর ও স্লাইড প্রজেক্টর চালানোর অভিজ্ঞতাসহ কম্পিউটার চালনায় দক্ষতা; |
| ০৬। | বিনোদন কক্ষ এটেনডেন্ট<br>গ্রেড-২০<br>বেতনস্কেল: ৮,২৫০-২০,০১০/- | ০১<br>(এক)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>এবং<br>(খ) টেলিভিশন, ভিডিও ক্যামেরা, প্রজেক্টর, স্লাইড প্রজেক্টর চালনায় ১ (এক) বৎসরের বাস্তব কর্ম-অভিজ্ঞতা; |
| ০৭। | মালি<br>গ্রেড-২০<br>বেতনস্কেল: ৮,২৫০-২০,০১০/- | ০১<br>(এক)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ বা অন্যূন অষ্টম শ্রেণি পাশ;<br>(খ) বাগান রক্ষণাবেক্ষণ ও পরিচর্যার কাজের বাস্তব কর্ম-অভিজ্ঞতা; |

২. **নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে প্রযোজ্য হবে:**

ক. সরকারের সর্বশেষ জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী ০১ জুলাই ২০২৫ তারিখে সাধারণ ও অন্যান্য সকল প্রার্থীর ক্ষেত্রে **বয়সসীমা ১৮-৩২ বৎসর হতে হবে**। বয়স প্রমানের ক্ষেত্রে কোনো প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;

খ. জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার ২৩ জুলাই ২০২৪ তারিখের প্রজ্ঞাপন অনুযায়ী কোটা পদ্ধতি অনুসরণ করা হবে;

গ. প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গানার সন্তান হলে অথবা ক্ষুদ্র-নৃগোষ্ঠী/শারীরিক প্রতিবন্ধী/তৃতীয় লিঙ্গের হলে আবেদনপত্রে তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে;

ঘ. বর্ণিত ছকের ২ নং ক্রমিকে উল্লিখিত পদের বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য হবে;

ঙ. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে অনাপত্তি সনদসহ আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক (✓) চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে;

চ. চাকরির আবেদন ফরমে (Applicants Copy) সর্বশেষ শিক্ষাগত যোগ্যতাসহ সকল শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করতে হবে। অন্যথায় চাকরির জন্য নির্বাচিত হলে চাকরির আবেদনে উল্লিখিত শিক্ষাগত সনদ ব্যতীত নতুন করে শিক্ষাগত যোগ্যতার সনদপত্র অন্তর্ভুক্ত করার সুযোগ থাকবে না;

ছ. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান যাবতীয় বিধি-বিধান/আদেশ/নিয়মাবলি, কোটা এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে;

জ. প্রার্থীদের লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষা গ্রহণ করতে হবে। পরীক্ষার স্থান ও সময়সূচি পরবর্তীতে মোবাইল এসএমএস/একাডেমির ওয়েবসাইটে জানানো হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার ভ্রমণ বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না;

ঝ. মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Formসহ সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে;

ঞ জাতীয় পরিচয়পত্রের ফটোকপি দাখিল করতে হবে;

ট. এ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকের ২-৭ নং ক্রমিকের শূন্য পদ পূরণে 'বিসিএস প্রশাসন একাডেমির নিয়োগ বিধিমালা, ২০২৩' এবং ১ নং ক্রমিকের শূন্য পদ পূরণে 'সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯' অনুসরণ করা হবে;

ঠ. নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন;

ড. নিয়োগ সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৩। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি:**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ **http://bcsaa.teletalk.com.bd** ওয়েবসাইটে প্রবেশ করে আবেদন করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

**I. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৫/০৭/২০২৫ খ্রি. তারিখ সকাল ১০.০০ ঘটিকা**

**II.Online- এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১৪/০৮/২০২৫ খ্রি. বিকাল ০৫.০০ ঘটিকা**

উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online- এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) অনলাইন আবেদনপত্রে প্রার্থীর স্বাক্ষর (দৈর্ঘ্য৩০০X প্রস্থ ৮০) pixel এবং রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৩০০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হইতে হইবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তীতে সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদনপত্র প্রেরণ করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান : Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। যদি Applicant's copy তে কোনো তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy-তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা এবং এর সঠিকতার বিষয়টি PDF Copy ডাউনলোডপূর্বক

নিশ্চিত হয়ে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। উক্ত Applicant's Copy প্রার্থী রঙ্গিন প্রিন্ট অথবা Doawnload করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk Pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ০১ নং ক্রমিকের পদের জন্য নিয়োগ পরীক্ষার ফি বাবদ ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা, টেলিটকের সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১৮/- (আঠার) টাকাসহ মোট ১৬৮/- (একশত আটষট্টি) টাকা এবং ০২ হতে ০৩ নং ক্রমিকের পদের জন্য নিয়োগ পরীক্ষার ফি বাবদ ১০০ (একশত) টাকা, টেলিটকের সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১২/- (বার) টাকাসহ মোট ১১২/- (একশত বার) টাকা ও **০৪ হতে ০৭ নং ক্রমিকের পদের জন্য এবং উল্লেখিত সকল গ্রেডের পদের ক্ষেত্রে অনগ্রসর শ্রেণির (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ) প্রার্থীরা নিয়োগ পরীক্ষার ফি বাবদ ৫০/-(পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/-(ছয়) টাকাসহ সর্বমোট ৫৬/-(ছাপ্পান্ন) টাকা** অনধিক ৭২ ঘণ্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

**প্রথম SMS**: BCSAA<space>User ID লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে

Example: **BCSAA ABCDEF**

Reply: Applicant's Name, Tk. 168 or Tk. 112 or Tk. 56 will be charged as application fee. Your PIN is xxxxxxxx. To pay fee Type BCSAA<space>Yes<space>PIN and send to 16222.

**দ্বিতীয় SMS:** BCSAA<space>YES<space>PIN লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে

Example: **BCSAA YES 12345678**

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BCSAA Application for the post of xxxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bcsaa.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি সংবলিত প্রবেশপত্র প্রার্থী ডাউনলোডপূর্বক রঙ্গিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র Teletalk Pre-paid Mobile নম্বর থেকে প্রার্থী নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

- **User ID জানা থাকলে:**
  BCSAA<space>Help<space>User<space>User ID & send to 16222
  Example: **BCSAA Help User ABCDEF**
- **PIN Number জানা থাকলে:**
  BCSAA<space>Help<space>PIN<space>PIN No & send to 16222
  Example: **BCSAA Help PIN 12345678**

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বিসিএস প্রশাসন একাডেমি এর www.bcsadminacademy.gov.bd ওয়েবসাইটে এবং http://bcsaa.teletalk.com.bd অথবা QR code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd/bcsaa ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.bcsadminacademy.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) Online এ আবেদন করতে কোন সমস্যা হলে যেকোন টেলিটক নম্বর থেকে কল করুন ১২১-এ অথবা ই-মেইল করুন ddadmin@bcsadminacademy.gov.bd অথবা alljobs.query@teletalk.com.bd [Mail এর Subject-এ Organization Name: BCSAA, Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।]

(ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

**৪। প্রার্থীর যোগ্যতা যাচাই:**

সার্টিফিকেট, জন্ম তারিখ, জাতীয় পরিচয়পত্র, জন্মস্থান সংক্রান্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে:

(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদপত্রসহ);

(খ) প্রার্থীর স্থায়ী বাসিন্দার স্বপক্ষে প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;

(গ) কোটা দাবির সমর্থনে প্রার্থীকে সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি;

(ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

(ঙ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) এর সত্যায়িত অনুলিপি;

(চ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গানার সন্তানদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ এবং শারীরিক প্রতিবন্ধী, তৃতীয় লিঙ্গ ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারীকৃত পরিপত্র অনুযায়ী প্রদত্ত সনদ।

(ছ) Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's copy);

৫। উপরে উল্লেখ করা হয়নি এমন যে কোনো বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেওয়া যাচ্ছে।

০৯/০৭/২০২৫

(মোছাঃ নাসরিন বানু)
উপপরিচালক (সংস্থাপন)
ও
সদস্য-সচিব, বিভাগীয় নিয়োগ/পদোন্নতি কমিটি
বিসিএস প্রশাসন একাডেমি, ঢাকা।
ফোন: ০২-৫৫১৬৫৯১৮
ই-মেইল:
ddadmin@bcsadminacademy.gov.bd

বিসিএস প্রশাসন একাডেমি, ঢাকা এর ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

বিসিএস প্রশাসন একাডেমি, ঢাকা এর টেলিটক পোর্টালে প্রবেশ এর QR Code